

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০০.০০৩.১৮-২৭

তারিখ: ০৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

প্রেরক: মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরের পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন “১২৫০১০১-১৩১০০৪৫০০-ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ” এর অনুকূলে ‘৩৬৩১-আবর্তক অনুদান’ খাতে বরাদ্দকৃত ১৭,০০,০০,০০০/- (সতের কোটি) টাকা হতে নিম্নোক্ত বিভাজন অনুযায়ী ৩য় কিস্তিতে ৪,২৫,০০,০০০/- (চার কোটি পঁচিশ লক্ষ) টাকা বর্ণিত শর্তে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের অনুকূলে ছাড় করতে সরকার সম্মত হয়েছে:

বিভাজন নিম্নরূপ:

অর্থনৈতিক কোড	ব্যয়ের বিস্তারিত বিবরণ	২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের বিভাজন	৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের পরিমাণ
৩৬৩১-	আবর্তক অনুদান		
৩৬৩১১০১-	বেতন বাবদ সহায়তা		
৩১১১১০১	মূল বেতন (অফিসার)	১০,০০,০০,০০০.০০	২,৫০,০০,০০০.০০
৩১১১২০১	মূল বেতন (কর্মচারী)	২,৮০,০০,০০০.০০	৭০,০০,০০০.০০
	উপমোট=	১২,৮০,০০,০০০.০০	৩,২০,০০,০০০.০০
৩৬৩১১০২	ভাতাদি বাবদ সহায়তা		
৩১১১৩০৬	শিক্ষা ভাতা	১৫,৬৬,০০০.০০	৩,৯১,৫০০.০০
৩১১১৩১০	বাড়ী ভাড়া ভাতা	১,৪০,০০,০০০.০০	৩৫,০০,০০০.০০
৩১১১৩১১	চিকিৎসা ভাতা	৫৯,৭৬,০০০.০০	১৪,৯৪,০০০.০০
৩১১১৩১৪	টিফিন ভাতা	৩,৬০,০০০.০০	৯০,০০০.০০
৩১১১৩১৬	ধোলাই ভাতা	১,৫১,০০০.০০	৩৭,৭৫০.০০
৩১১১৩২৫	উৎসব ভাতা	১,৭৮,০৮,০০০.০০	৪৪,৫২,০০০.০০
৩১১১৩২৭	অধিকাল ভাতা	২,৩৯,০০০.০০	৫৯,৭৫০.০০
৩১১১৩২৮	শ্রান্তি ও বিনোদন ভাতা	১৯,০০,০০০.০০	৪,৭৫,০০০.০০
	উপমোট=	৪,২০,০০,০০০.০০	১,০৫,০০,০০০.০০
	সর্বমোট=	১৭,০০,০০,০০০.০০	৪,২৫,০০,০০০.০০

শর্তসমূহ:

- এ অর্থ ব্যয়ে পিপিআর, ২০০৮ এবং সরকারের অন্যান্য প্রচলিত আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে;
- পরবর্তী অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে;
- অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে জন্য সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এ ব্যয় চলতি ২০২১-২০২২ অর্থবছরের পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন “১২৫০১০১-১৩১০০৪৫০০-ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ” এর অনুকূলে ৩৬৩১-আবর্তক অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। ৩য় কিস্তিতে ছাড়কৃত ৪,২৫,০০,০০০/- (চার কোটি পঁচিশ লক্ষ) টাকা, অধ্যক্ষ ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা, বিলের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা)- এর প্রতিস্বাক্ষরে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা হতে উত্তোলন করতে পারবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ/—

(মোঃ ফজলুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫১২২০৫


ই-মেইল: moebudgetsection@gmail.com

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০০.০০৩.১৮-২৭/১(০৬)

তারিখ: ০৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা।
- ২। উপসচিব (বাজেট অধিশাখা-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব